

স্বাধীনতা

তারিখ
পৃষ্ঠা

NOV. 13 2002

বিজ্ঞান ও প্রযুক্তি

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিজ্ঞান ও প্রযুক্তির যথাযথ প্রয়োগের কথা বলিয়াছেন গত রবিবার বিজ্ঞান একাডেমীর এক সমাবেশে। দেশের দারিদ্র্য বিমোচনে তিনি বিজ্ঞান ও প্রযুক্তিকে কাজে লাগাইবার পরামর্শ দিয়াছেন। দারিদ্র্য বিমোচনে প্রযুক্তি যে প্রধান সহায় তাহা সকলেই স্বীকার করেন। ইহাও সকলে স্বীকার করেন যে, কোন দেশের উন্নতি ও সমৃদ্ধির অর্থ বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে তাহাদের অগ্রসরমানতা। আর দরিদ্র ও অনুন্নত বা উন্নয়নশীল দেশ বলিতে বুঝায় বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে দেশগুলির পশ্চাৎপরতা। আমাদের দেশ দরিদ্র। কারণ আমরা বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে পিছাইয়া আছি। তাই দেশকে উন্নত ও সমৃদ্ধির পথে নেওয়ার জন্য দেশে বিজ্ঞান ও প্রযুক্তির প্রসার ঘটাইতে হইবে। বিজ্ঞান আবিষ্কার করে। প্রযুক্তি সেই আবিষ্কারকে মানুষের কাজে লাগায়। বিজ্ঞান বিদ্যুতের সন্ধান দিয়াছে। প্রযুক্তি বিদ্যুতকে মানুষের ঘরে ঘরে পৌঁছাইয়া দিয়াছে। স্মরণ করা যাইতে পারে যে, প্রাজ্ঞ বিজ্ঞানীরা বিদ্যুতকে বিংশ শতাব্দীর বিজ্ঞানের সেরা অবদানরূপে স্বীকৃতি দিয়াছেন।

প্রধানমন্ত্রী দেশের দারিদ্র্য বিমোচনে বিজ্ঞান ও প্রযুক্তিকে কাজে লাগাইবার কথা বলিয়াছেন। কিন্তু কিভাবে? তাহারই পর্যালোচনা আবশ্যিক। দেশে বিজ্ঞান ও প্রযুক্তি চর্চার তেমন কোন ব্যাপক মাধ্যম চোখে পড়ে না। বিজ্ঞান ও প্রযুক্তি চর্চায় বা আবিষ্কার-উদ্ভাবনের ক্ষেত্রে উৎসাহ যোগাইবার বড় ধরনের কোন প্রতিষ্ঠানেরও ঘাটতি ব্যাপক। বিজ্ঞান গবেষণার ক্ষেত্রেও আমাদের দেশে সীমিত। সরকারী ব্যবস্থাপনায় সায়েন্স ল্যাবরেটরী আছে, ধান গবেষণা ইনস্টিটিউট, ইক্ষু ও আম গবেষণাগার ইত্যাদি প্রতিষ্ঠান কর্মরত আছে। সরকারী নিয়ম-নীতির বেড়াজালে এইসব প্রতিষ্ঠান সীমাবদ্ধ। আবিষ্কার ও উদ্ভাবনের ক্ষেত্রে নাম করিয়াছে যেসব উন্নত দেশ তাহাদের ইতিহাস পর্যালোচনায় দেখা যায় যে, এক একটি আবিষ্কারের পিছনে রহিয়াছে রাশি রাশি ভ্রান্তি এবং অর্থনাশ, তাহার পর একটি ক্ষেত্রে সাফল্য। রাশি রাশি ভ্রান্তির কবলে পড়িয়া অনেক অর্থ ও শ্রম বিফলে যায়। কিন্তু একটি সফল উদ্ভাবনে সেইসব ভ্রান্তি দূর হইয়া যায়। বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে ইহাই ট্র্যাডিশন বলা যায়। কিন্তু আমাদের ক্ষেত্রে প্রধান সমস্যা হইল বিনিয়োগের জন্য আমাদের কাড়ি কাড়ি অর্থ নাই। সাফল্যের সম্ভাবনা কতটা তাহাই আমাদের প্রথমেই পর্যালোচনা করিয়া দেখিতে হয়। বিশেষভাবে সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তাহাই সর্বপ্রথমে বিবেচ্য। পাশ্চাত্যের বিভিন্ন দেশে বেসরকারী ফাউন্ডেশন আছে। যেমন ফোর্ড ফাউন্ডেশন। তাহারা বিজ্ঞান ও প্রযুক্তির গবেষণায় অর্থ যোগান।

agent today.
to plan your trip early this coming year-end holidays and
hotel accommodation on twin share basis at any of these
uda Lumpur or Bangkok on Singapore Airlines at only
phone subscribers' family and friends from now until end

Singapore, or Bangkok

838383